তুষারঝড়ে যুক্তরাষ্ট্রে মৃত বেড়ে ৫০

ক্রমেই প্রাণঘাতী হয়ে উঠছে যুক্তরাষ্ট্রের পরিস্থিতি। ‘সাইক্লোন বোমা’ বা তুষারঝড়ে বিধ্বস্ত গোটা দেশ। এমনকি উত্তর আমেরিকা মহাদেশের একটি বিস্তীর্ণ অংশ প্রবল ঠাণ্ডায় প্রায় জমে গেছে।

আমেরিকার জাতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে, উদ্ভূত পরিস্থিতি দেশটির ইতিহাসে বিরল। তা অতীতের শীতের সব রেকর্ড ভেঙে দিতে পারে।

ইতোমধ্যে ঠাণ্ডায় ৫০ জনের মৃত্যু হয়েছে যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রান্তে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

আবহাওয়ার এই বিরূপ পরিস্থিতির মধ্যে উদ্ধারকাজ চালিয়ে যাচ্ছে দেশটির বিপর্যয় মোকাবিলা বাহিনী। কখনো গাড়ির ভেতর থেকে, কখনোবা বরফের আস্তরণের নিচ থেকে মিলছে মৃতদেহ।

আগামী ২৪ ঘণ্টায় আরও কয়েক ইঞ্চি তুষারপাতের পূর্বাভাস দিয়েছে আমেরিকার আরহাওয়া অফিস।

পশ্চিম কানাডায় ইতোমধ্যে তাপমাত্রা পৌঁছে গেছে হিমাঙ্কের ৫৩ ডিগ্রি নিচে। এ ছাড়া মিনাসোটার তাপমাত্রা হিমাঙ্কের ৩৮ ডিগ্রি নিচে, ডালাসের পারদ নেমেছে হিমাঙ্কের ১৩ ডিগ্রি নিচে।

তুষারঝড়ের কারণে আমেরিকার রাস্তায় পুরু বরফের আস্তরণ জমে গেছে। কোথাও কোথাও তার উচ্চতা ৮ থেকে ১০ ফুট। যার ফলে যুক্তরাষ্ট্রে যোগাযোগ ও পরিবহণব্যবস্থা বিপর্যস্ত।

এ পর্যন্ত ১৫ হাজার ফ্লাইট বাতিল করতে হয়েছে। বিদ্যুৎ পরিষেবাও ব্যাহত হয়েছে আমেরিকার বিভন্ন স্থানে। প্রায় ২ লাখ মানুষ বিদ্যুৎহীন অবস্থায় বাস করছেন। কবে পরিস্থিতি স্বাভাবিক হবে, তার কোনো নিশ্চয়তা নেই।

আবহাবিদরা জানান, এ পরিস্থিতিতে যতটা সম্ভব বাড়ির ভেতর থাকতে হবে। তীব্র ঠাণ্ডায় বাইরে বেরোলে তুষারক্ষত, এমনকি প্রাণহানির সম্ভাবনাও রয়েছে।

কারণ তুষারপাতের পাশাপাশি আমেরিকায় অনবরত চলছে ঝড়োহাওয়া। কনকনে

ঠাণ্ডা সেই হাওয়া যেন চাবুক মারছে শরীরে।

সূত্র: যুগান্তর

জীবননগরে গলায় ফাস দিয়ে মধ্যে বয়সী নারীর আত্ম*হত্যা

জীবননগর গলায় ফাঁস লাগিয়ে জাহিদা খাতুন নামে এক নারী আত্মহত্যা করেছে। গতকাল সোমবার সকাল ১০টার দিকে জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের মনোহরপুর গ্রামের উত্তর পাড়ায় এই ঘটনা ঘটে।নিহত জাহিদা খাতুন উপজেলার মনোহরপুর গ্রামের উত্তর পাড়ার কালু মন্ডলের স্ত্রী।

পুলিশ সুত্রে জানা গেছে, গতকাল সোমবার সকালে অসুস্থতাজনিত কারনে কয়েকদিন আগে চোখে বাঁশের কঞ্চির খোচা লাগে) ব্যাথা সহ্য করতে না পেরে পরিবারের সবার অজান্তে নিজের বসত ঘরের আড়ার সাথে ওড়না পেচিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেন। খবর পেয়ে জীবননগর থানা পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে মর্গে পাঠিয়েছে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান,এ ঘটনায় জীবননগর থানায় একটা অমৃতর মামলা হয়েছে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায়

যুবকের হাত বিচ্ছিন্ন, আহত আরও ৩

মুজিবনগরে খ্রিষ্টিয় আনন্দ মেলায় যাওয়ার পথে মর্মান্তিক সড়ক দুর্ঘটনার শিকার হয়েছেন তিন যুবক। এদের মধ্যে সুমন নামের এক যুবকের একটি হাত বিচ্ছিন্ন হয়ে গেছে এবং একটি পা কেটে ঝুলছে। শরীরের বিভিন্ন স্থানেও জখম হয়েছে।

আহত তিনজনই মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলাধীন আনন্দবাস গ্রামের বাসিন্দা। তাদের মধ্যে সুমন ভানু মণ্ডলের ছেলে, পিউ পিন্টু মণ্ডল এবং প্রসান পিতর মণ্ডলের ছেলে।

একটি মোটরসাইকেল যোগে বল্লভপুর খ্রিষ্টিয় সপ্তাহব্যাপী আনন্দ মেলায় দ্বিতীয় দিন ঘুরতে আসে ◌ৃমেলায় আসার পথে কেদারগঞ্জ বাজারের অদূরে বল্লভপুর তিন রাস্তার মোড়ে বিপরীত দিক থেকে যাওয়া একটি ট্রলির সাথে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের সুমন নামক এক ব্যক্তির মোটরসাইকেল এর সাথে সংঘর্ষে মোটর বাইকে থাকা প্রসান, পিউ মারাত্মকভাবে আহত হয়। এদের মধ্যে সুমন (২০) প্রচন্ড আঘাত পাওয়ায় তার ডান হাত কেটে পড়ে যায়, পা কেটে ঝুলন্ত অবস্থায় এবং শরীরের অন্যান্য স্থান মারাত্মকভাবে জখম হয়।

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসকবৃন্দ প্রাথমিক চিকিৎসা প্রদান শেষে উন্নত চিকিৎসার জন্য প্রসান মন্ডলকে রাজশাহী মেডিকেলে রেফার্ড করেন এবং পিউ ও সুমন কে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

এই ঘটনার প্রেক্ষিতে বল্লভপুর তিন রাস্তার মোড়ে থাকা স্থানীয় জনগণ ট্রলি ও মোটরসাইকেলটি জব্দ করে। পরবর্তীতে মুজিবনগর থানা পুলিশ ট্রলি ও মোটরসাইকেলটি তাদের হেফাজতে নেয়।

মেহেরপুরে খাঁন পাড়ায় অসহায়দের পাশে একটি পরিবার

মেহেরপুর এসএম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক মরহুম আব্দুল ওয়াহেদ মাস্টারের নাতনি ফারজানা হোসেন দম্পত্তি প্রতি বছরের ন্যায় এবারও বিভিন্ন মানুষকে সাহায্য ও সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে।

খাঁন পাড়ার স্থানীয় এক ব্যক্তি বলেন, আমি ২০১৬ সাল থেকে দেখছি মেহেরপুরের বিভিন্ন জায়গার অসহায় দুস্থ পরিবারকে গোপনে সাহায্য সহযোগিতা দিয়া আসছে প্রতি বছরের ন্যায় এ বছরেও তারা এই সাহায্য সহযোগিতা করছে।

এ সময় মরহুম আব্দুল ওয়াহেদ মাস্টারের পরিবারের সদস্য মেহেরপুর প্রতিদিন কে বলেন, বিগত বছরের ন্যায় এ বছরে আমরা ৮০০টি কম্বল, ২০০ পরিবারকে চাল ডাল, ২০ পিচ শীতের চাদর ও ১০০ পিচ লুঙ্গি এবং ২০০ পিচ শাড়ি দিচ্ছি।
হঠাৎ পাড়ার মাসুম বলেন, সাহায্য পেয়ে আমি অনেক খুশি।

মাঠপাড়ার আয়মা খাতুন বলেন আমি প্রথম এই বছরে সাহায্য সহযোগিতা পেয়েছি তবে এখান থেকে আমার মেয়ে সাহায্য সহযোগিতা পেয়েছে।

তাঁতীপাড়ার শান্তি বলেন আমি গত বছরে সাহায্য সহযোগিতা পেয়েছি এ বছরেও পাচ্ছি এতে আমি অনেক খুশি এবং আল্লাহর কাছে দোয়া করি আল্লাহ যেন তাদেরকে ভালো রাখে।

নতুন পাড়ার দুলি বলেন আমি গত বছরে সাহায্য পেয়েছি এ বছরও সাহায্য পাচ্ছি আল্লাহর কাছে দোয়া করি আল্লাহ যেন তাদেরকে ভালো রাখে সুস্থ রাখে এবং তাদের যেন ধন-সম্পত্তি আরও দেয় তাহলে আমরা আরো বেশি সাহায্য সহযোগিতা পাব। এ সময় তিনি আরো বলেন, মেহেরপুরে অনেক বড়লোক এবং বড় ব্যবসায়ীরা রয়েছে তারা যদি আমাদের মত মানুষকে সাহায্য ও সহযোগিতা করতো তাহলে আমরা আরো ভালো থাকতে পারতাম এই শীতে আমাদের কষ্ট হয়।

বিএনপি জামায়াতের নৈরাজ্য রুখতে দামুড়হুদায় ছাত্র লীগের মতবিনিময় সভা

বিএনপি জামায়াতের নৈরাজ্য রুখতে দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজ ছাত্রলীগ মতবিনিময় সভা করেছে। আজ সোমবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা ডাক বাংলা চত্বরে। আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ ছাত্রলীগের আয়োজনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ ছাত্রলীগের আহ্বায়ক শাহীন মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম।

এসময় বিশেষ অতিথি ছিলেন সাবেক উপজেলা ছাত্র লীগ নেতা শেখ হাফিজুর শামসের, চুয়াডাঙ্গা সরকারি কলেজ ছাত্রলীগের দফতর সম্পাদক শেখ হাতেম আলী, দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের আইন বিষয়ক সম্পাদক বুলবুল আহম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজ ছাত্র লীগের যুগ্ন আহ্বায়ক কাজল আহম্মেদ,দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি সোহেল রানা, হাউলী ইউনিয়ন ছাত্রলীগ নেতা নাহিদ বিশ্বাস অনিক, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের সাবেক নেতা আনারুল ইসলাম, ছাত্রলীগ নেতা সবুজ, সাকিব, আরেফিন প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আব্দুল ওদুদ ডিগ্রি কলেজ ছাত্রলীগের যুগ্ন আহ্বায়ক এমএ করিম।

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সংযোগ মেহেরপুর জেলার সভাপতি সাব্বির আহমেদ বলেন, সংযোগ ৫৫ টি জেলায় অক্সিজেন কার্যক্রমের মাধ্যমে কাজ শুরু করলেও এখন বিভিন্ন সামাজিক কার্যক্রম করে চলেছে দেশজুড়ে। তারই একটি অংশ আজকের শ্রমজীবী পিঠা উৎসব।
এরকম আয়োজন আমাদেরকে আত্মার শান্তি দেয়। আর আমরা এই আয়োজন বারংবার করতে চাই মানুষের জন্য।

মেহেরপুর সদর উপজেলা কুলবাড়িয়া গ্রামের আনসারুল বলেন বিনামূল্যে পিঠা খেতে পেরে খুব ভালো লাগছে। অনেক সময় দেখি বিভিন্ন জায়গায় পিঠা উৎসব হয় কিন্তু আমরা সেখানে যেতে পারি না তবে আমাদের মত রিক্সাওয়ালা শ্রমজীবী জন্য যে এত সুন্দর আয়োজন করেছে তার জন্য ধন্যবাদ।

গাংনীতে ৩ ইটভাটা মালিকে দেড়লাখ টাকা জরিমানা

লাইসেন্স ছাড়া ইট প্রস্তুত ও বিপণনের দায়ে গাংনী উপজেলায় তিনটি ভাটাকে দেড়লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

সোমবার (২৬ ডিসেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে এ অভিযান পরিচালনা করেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মৌসুমী খানম।

এসময় গাংনী উপজেলার পোড়াপাড়ার আরএসবিসি, ফাইভ স্টার ও মোয়াজ ব্রিক্স অভিযান চালিয়ে জরিমানা করেন ।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মৌসুমী খানম বলেন, চলতি মৌসুমে বেশ কয়েকটি ইটভাটার মালিক অনুমোদন ছাড়াই ইট প্রস্তুত ও বিপণন করে আসছে যা আইনের পরিপন্থি। অভিযানে ভাটা মালিকরা তাদের দোষ স্বীকার করায় ইট প্রস্তুত ও ভাটা স্থাপন আইন ২০১৮ এর ১৫(১) ধারায় তিন ইটভাটা মালিকে ৫০ হাজার করে মোট দেড়লাখ টাকা জরিমানা করা হয়।

অভিযান পরিচালনার সময় গাংনী থানার একটি টিম সহায়তা করে।

সাময়িক বরখাস্ত কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুর রশিদ

কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুর রশিদকে সাময়িক বরখাস্ত করা হয়েছে বিষয়টি নিশ্চিত করেন জেলা শিক্ষা কর্মকর্তা শেখ মনিরুল ইসলাম।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্বে ছিলেন রতন মিয়া। তিনি নভেম্বর মাসে বদলি হন। এ কারনে পদশুন্য হয়ে যায়। এরপর গেল ১৩ নভেম্বর আব্দুর রশিদ কোটচাঁদপুরে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হিসেবে যোগদান করেন।

আব্দুর রশিদ এর আগে কুষ্টিয়া কুমারখালি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। ওই সময় ওই কর্মকর্তার নামে কুষ্টিয়ার সিনিয়র স্পেশাল জজ আদালতে বিশেষ মামলা করেন দুর্নীতি দমন কমিশন। মামলা নাম্বার -৮/২০২১। দুদকের ওই মামলায় আব্দু রশিদকে কোটচাঁদপুর মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা থেকে সরকারি চাকুরি আইনে-২০১৮ এর ৩৯(১) এর ধারা অনুযায়ী গেল ৬ ডিসেম্বর সাময়িক বরখাস্ত করা হয়েছে।

বর্তমানে কোটচাঁদপুরে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দায়িত্বে রয়েছেন জেলা শিক্ষা কর্মকর্তা শেখ মনিরুল ইসলাম।
তিনি বলেন,আব্দুর রশিদ কুষ্টিয়ার কুমারখালি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্বে থাকা কালিন সময় দুদকের মামলা হয়। ওই মামলায় তিনি সাময়িক বরখাস্ত হয়েছেন। বর্তমানে আমি কোটচাঁদপুরে অতিরিক্ত দায়িত্বে আছি ।

[redacted]

[redacted]